V42

দৈনিক সংবাদ

তারিখ ... MAR. 22 1999
পৃষ্ঠা . ১ কলাম ৪

# বুয়েট ঃ স্থাপত্য শিক্ষার্থীরা আবার আন্দোলনে

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা অভিন্ন ভর্তি পরীক্ষা বাতিলসহ ৫ দফা দাবিতে গতকাল ক্যাম্পাসে মৌন মিছিলসহ প্রতীকী অনশন পালন করেছে।

গত বছর ২৩শে মার্চ দাবি পূরণে প্রধানমন্ত্রীর আশ্বাসের পরিপ্রেক্ষিতে তারা তাদের আমরণ অনশন প্রত্যাহার করে; কিন্তু ১ বছরেও তাঁদের দাবি পূরণ না হওয়ায় তারা গতকাল দুপুর ১২টায়

বুয়েট ঃ পৃঃ ১১ কঃ ৫

## বুয়েট ঃ আন্দোলনে

(১ম পৃষ্ঠার পর)

ক্যাম্পাসে মৌন মিছিল বের করে। মিছিলে প্রায় ১৫০ জন ছাত্রছাত্রী উপস্থিত ছিল। মিছিলে অংশগ্রহণকারী ছাত্রছাত্রীরা গোটা ক্যাম্পাস প্রদক্ষিণশেষে কেন্দ্রীয় অডি-টোরিয়াম চত্বরের সামনে প্রতীকী অনশনে অংশ নেয়। ছাত্রছাত্রীরা সন্ধ্যা ৬টা পর্যন্ত এ প্রতীকী অনশন পালন করে।

স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, আগামী ২৪শে মার্চ তারা ৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে বিক্ষোভ মিছিলসহ প্রধানমন্ত্রী ও বুয়েটের চ্যান্সেলর শেখ হাসিনার কাছে স্মারকলিপি দেবে।

বুয়েটের অধীনে ইনস্টিটিউট অফ আর্কি-টেকচার স্থাপনের বিষয়ে সুপারিশ করার জন্য সরকার গত মাসে একটি কমিটি গঠন করেছে বলে জানা গেছে। জাতীয় বিশ্ব-বিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আমিনুল ইসলামকে আহ্বায়ক করে ৮ সদস্যবিশিষ্ট এ কমিটি গত ১১ই ফেব্রুয়ারি গঠন করা হয়েছে।

কমিটিতে অন্যদের মধ্যে রয়েছেন বুয়েটের স্থাপত্য বিভাগের শিক্ষক অধ্যাপক মীর মোবাশ্বের আলী, সহযোগী অধ্যাপক শহীদুল ইসলাম, পুরকৌশল বিভাগের অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, বস্ত্র ও ধাতব কৌশল বিভাগের অধ্যাপক ডঃ এহসানুল হক, শিল্পী কাইয়ুম চৌধুরী, স্থপতি ইয়াদেস ওসমান ও শিক্ষা মন্ত্রণা-লয়ের যুগ্ম সচিব (বিশ্ব)। কমিটি আদেশ জারির দু' মাসের মধ্যে সরকারের নিকট প্রতিবেদন দাখিল করবে বলে জানা গেছে।

স্থাপত্য বিভাগের আন্দোলনরত ছাত্র-ছাত্রীরা জানায়, কমিটিতে গত বছরের স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা সংক্রান্ত আন্দোলনকারী কোন শিক্ষক বা ব্যক্তিবর্গকে রাখা হয়নি। ফলে গত ভর্তি পরীক্ষা নিয়ে যারা আন্দোলন করেছেন- এ কমিটির রিপোর্টে তাদের কোন মতামত প্রতিফলিত হবে না।